

প্রশাসন ও মানব সম্পদ বিভাগ

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির মার্চ ২০২১ এর সভার কার্যবিবরণী।

সভাপতি	জিয়াউদ্দীন আহমেদ পরিচালক প্রশাসন
সভার তারিখ	২৮/০৩/২০২১
সভার সময়	বিকাল ১৬:০০ ঘটিকা
স্থান	বলাকা কনফারেন্স রুম
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত।

০১। জনাব ডঃ আবু সালেহ মোস্তফা কামাল, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ব্যবস্থাপনা কমিটির মার্চ ২০২১ সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি মহাব্যবস্থাপক প্রশাসনকে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরিচালক প্রশাসন মহোদয়ের সভাপতিত্বে, মহাব্যবস্থাপক প্রশাসন আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচনা :

০২। মহাব্যবস্থাপক প্রশাসন বিমানের ২০২০-২১ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক (জুলাই হতে ডিসেম্বর ২০২০) অগ্রগতি সংক্রান্ত বিস্তারিত পর্যালোচনা উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট সূচকসমূহের অর্জন, বর্তমান অবস্থা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় প্রথমে সেফটি এন্ড কোয়ালিটি-এর প্রসংগ উঠে আসে। তারপর কর্পোরেট প্ল্যানিং ও ট্রেনিং পরিদপ্তরের এপিএ চুক্তি নিয়ে আলোচনা করা হয়। এতে মহাব্যবস্থাপক কর্পোরেট প্ল্যানিং বলেন, ACMI নীতিমালা ও Dry Lease নীতিমালা ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। বিমান বহরে উড়োজাহাজ সংযোজনের বিষয়ে তিনি বলেন, ইতোমধ্যে তিনটি Dash 8-400 বহরে যুক্ত হয়েছে। তিনি যোগ করেন, এখন পর্যন্ত কর্পোরেট প্ল্যানিং ও ট্রেনিং পরিদপ্তরের আওতাধীন সমস্ত বিভাগ, শাখার ৫০% কর্মকর্তা/কর্মচারীদের Safety Management System (SMS) প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। পেনশন নীতিমালা সার্ভিস বিধিমালা, প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা, SOP, CSQ, DCS, M&S, Planning, Fuel Management, LBO (Operation), অভ্যন্তরীণ রুটে ফ্লাইট সূচির সময়ানুবর্তিতা, অর্জিত মার্কেট শেয়ার, অর্জিত কার্গো, ডিজিটাল মার্কেটিং সিস্টেম, এয়ারসাইড কর্মীদের লুমিনাস জ্যাকেট, মেটাল ডিটেক্টর, প্রশিক্ষণ, দাপ্তরিক কর্মকান্ড বিমানের ওয়েবসাইটে তথ্য নিয়মিত হালনাগাদকরণ, চেকিং কাউন্টার সময়মতো বন্ধ করা ইত্যাদি সূচক নিয়ে বিশদ আলোচনা করা হয়। পরিচালক প্রশাসন জানান, বিমান সার্ভিস রুলসের চূড়ান্ত খসড়া প্রণয়ন করা হয়েছে। বিধিমালাটি অনুমোদনের নিমিত্ত সাব-কমিটিতে উপস্থাপনের লক্ষ্যে কার্যপত্র তৈরি করতঃ কোম্পানি সেক্রেটারিয়েটে প্রেরণ করা হয়েছে। পরবর্তিতে সভায় প্রথম ব্যাগেজ এবং শেষ ব্যাগেজ বেলেট আসার সময়, D-30 minutes-এ অভ্যন্তরীণ চেকইন, D-60 minutes-এ আন্তর্জাতিক চেকইন সম্পন্ন হওয়া, অর্জিত নতুন গন্তব্য এই প্রত্যেকটি সূচক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এই সূচকগুলোতে টার্গেট ঠিকভাবে অর্জিত হওয়ায় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভায় পরবর্তিতে ফ্লাইট সূচির সময়ানুবর্তিতা On Time Performance (OTP) এর প্রসংগ উঠে আসে এবং তা কমপক্ষে শতকরা ৮০ ভাগে ধরে রাখতে সকলকে সচেষ্ট থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩। সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

৩.১ ২০২০-২১ অর্ধ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ'২১) অগ্রগতি প্রতিবেদন প্রমাণক


সহ আগামী ০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক প্রশাসন বরাবর প্রেরণ করতে হবে;

৩.২ ২০২১-২২ অর্থ-বছরের প্রণীতব্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জন্য পরিদপ্তর/বিভাগ ওয়ারি চুক্তির খসড়া আগামী ০৬/০৪/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক প্রশাসন বরাবর প্রেরণ করতে হবে;

৩.৩ প্রযোজ্য ক্ষেত্রে সার্কুলার/ অফিস আদেশ ইত্যাদি প্রমাণক হিসেবে দাখিল করতে হবে;

৩.৪ পরিচালক, কর্পোরেট প্ল্যানিং ও ট্রেনিং কর্মসম্পাদন সূচক ১.১.২ Dry Lease নীতিমালা প্রকাশ করে একটি সার্কুলার/ অফিস আদেশ জারি করবেন। একইভাবে পরিচালক, বিপনন ও বিক্রয় কর্মসম্পাদন সূচক ৪.২.১ অর্জন সংক্রান্ত একটি সার্কুলার/ অফিস আদেশ জারি করবেন; এবং

৩.৫ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ২০২১-২২ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গাইডলাইনের নির্দেশনা অনুযায়ী বিমানের শুদ্ধাচার, ই-গভর্নেন্স ও উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং তথ্য অধিকার সংক্রান্ত কমিটিসমূহের ফোকাল পয়েন্ট/সদস্য সচিবগণকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করা হলো।



জিয়াউদ্দীন আহমেদ
পরিচালক প্রশাসন

স্মারক নম্বর: ৩০.৩৪.০০০০.০৭০.৪১.০০১.২০.১২

তারিখ: ১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল পরিচালক ও সমমর্যাদা
- ২) সকল মহাব্যবস্থাপক ও সম-পদ মর্যাদা
- ৩) সকল উপ-মহাব্যবস্থাপক ও সমপদ মর্যাদা
- ৪) সকল ব্যবস্থাপক ও সমপদ মর্যাদা



জিয়াউদ্দীন আহমেদ
পরিচালক প্রশাসন